

ছিনতাই করা ভর্তি ফরম বিক্রি নিয়ে ঢাবিতে ছাত্রদলের দুই গ্রুপে সংঘর্ষ ১০ আহত, শ্রেণীর ৩ ক্যাম্পাসে খমখমে

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : ছিনতাইকৃত ভর্তি ফরম বিক্রি করা নিয়ে গতকাল মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের জিয়া হল ও এফ রহমান হলে ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে দফায় দফায় সংঘর্ষ হয়েছে। এই ঘটনায় একজন ছাত্র সাংবাদিকসহ ১০ জন আহত হয়েছে। শ্রেণীর হয়েছে ৩ জন। এই নিয়ে ক্যাম্পাসে ছাত্রদলের দুই গ্রুপের মধ্যে টানটান উত্তেজনা বিরাজ করছে। যেকোনো সময় আবারো বড়ো ধরনের সংঘর্ষ ঘটার আশঙ্কা রয়েছে।

জানা গেছে, গতকাল দুপুর পোয়া ১টার দিকে টিএসসির জনতা ক্যাংকের সামনে ছিনতাইকৃত ভর্তি ফরম বিক্রি করতে ছাত্রদল

ক্যাডাররা বিক্রি করছিল। এই নিয়ে লাইনে ছাত্রদলের জিয়া হলের ছাত্রদল ক্যাডার খোকনের সঙ্গে এফ রহমানের টিটো ও বেজিনের সঙ্গে হাতাহাতি হয়। পরে এ নিয়ে লাইনবির সামনে জিয়া হলের সহ-সভাপতি মুস্তাফের সঙ্গে বিশ্ববিদ্যালয় ক্যাংকর ক্যাডারদের কণা কাটাকাটি হয়। এক পর্যায়ে মুস্তাফ মোবাইলে জিয়া হলের ক্যাডারদের খবর নিলে তারা রামনা, বেজিন ও টিটো নিয়ে লাইনবির সামনে এসে সাগর নামক এক ক্যাডারকে ধাক্কা দেয়। এই পর্বর এফ রহমান হলে পৌঁছালে ছাত্রদলের দুই গ্রুপের নেতৃত্বে নেতাকর্মীরা এসে ● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৮

ছিনতাই করা ভর্তি ফরম

● প্রথম পাতার পর

মধুর ক্যান্টিনের সামনে জিয়া হলের ক্যাডারদের ওপর হামলা চালায়। এ সময় ক্যাম্পাসে হুড়ে আতঙ্ক ছড়িয়ে পড়ে।

ভর্তি ফরম সংগ্রহ করতে আসা শিক্ষার্থী ও তাদের অভিভাবকরা দিদিদিক ছুটোছুটি শুরু করেন। এ সময় পুরো ক্যাম্পাস হুড়ে সংঘর্ষ ছড়িয়ে পড়ে। ছাত্রদলের কেন্দ্রীয় এবং বিশ্ববিদ্যালয় শাখার নেতারাও সংঘর্ষ খামতে ব্যর্থ হন। পরে তারা ই পুলিশকে শ্রেণীর নির্দেশ দেন। পুলিশ এফ রহমান হলের কাজী রাশেদুল হাসান সোহাগ (লোক প্রশাসন), ওরিকুল ইসলাম (শান্তি ও সংঘর্ষ) ও জামান ইউসুফকে (আন্তর্জাতিক সম্পর্ক) শ্রেণীর করে রমনা থানায় নিয়ে যায়।

সংঘর্ষে আহতরা হলে ছাত্রদলের কেন্দ্রীয় সহ-দপ্তর সম্পাদক বিদ্যালয় হোসেন তারেক, এফ রহমান হলের সাহাদাৎ সাগর, কর্নির, রাশেদুল হাসান সোহাগ, জিয়া হলের খোকন, রাশেদ, আপেল। সংঘর্ষের সময় ছাত্রদল ক্যাডারদের ছবি তুলতে গেলে ক্যাডাররা ফোকাস বাংলায় ফটো সাংবাদিক জীবনকে মারধর করে। আহতদের পরে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে চিকিৎসা দেওয়া হয়। এছাড়া সংঘর্ষে এসএম হলের পলাশ, হিমেল, বিপ্রব আহত হয় বলে তারা জানায়।

সূত্র জানায়, গতকাল প্রথমে সংঘর্ষ জিয়া হল এবং এফ রহমান হলের জুনিয়র ছাত্রদল কর্মীদের মধ্যে সীমাবদ্ধ ছিল। পরে সংঘর্ষে ফ্রন্টিয়ে মোড় নেয়। ছাত্রদলের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক শফিকুল বারী বাবু গ্রুপ এবং কেন্দ্রীয় যুগ্ম সম্পাদক আমিরুল ইসলাম আলীম ও সাবেক আন্তর্জাতিক সম্পাদক সাইদ ইকবাল মাহমুদ টিটু গ্রুপের মধ্যে সংঘর্ষ ছড়িয়ে পড়ে।

ক্যাম্পাসে সংঘর্ষের পর বসবস্তু হল ছাত্রদল সভাপতি ও বাবু সমর্থিত গ্রুপের নেতা মাসুম বিদ্যাহর নেতৃত্বে কর্মীরা আলিম-টিটু গ্রুপের কর্মীদের দৃষ্টি কক্ষ (৩১০ এবং ৪০৯) ভাঙচুর করে। বর্তমানে ক্যাম্পাস এবং হলগুলোতে খমখমে পরিবেশ বিরাজ করছে। উভয় গ্রুপের ক্যাডাররাই মহড়া অব্যাহত রেখেছে বলে জানা গেছে।

এদিকে এ ঘটনার জের ধরে সন্ধ্যা ৭টার দিকে মহসিন হলে টিটো গ্রুপের কর্মী ইমরানকে চাপাতি দিয়ে ভূপিয়ে মারাত্মক আহত করেছে বাবু গ্রুপের ক্যাডাররা।